

বাংলাদেশ বাতিঘর আইন, ২০২০

(২০২০ সনের ৬ নং আইন)

Lighthouse Act, 1927 রহিতপূর্বক সময়োপযোগী করিয়া নূতনভাবে প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু বাংলাদেশ একটি সমুদ্র উপকূলীয় দেশ এবং উপকূলীয় অঞ্চলে চলাচলকৃত নৌযানের পথ প্রদর্শনের বিষয়ে বাংলাদেশের দায়-দায়িত্ব রহিয়াছে; এবং

যেহেতু বাংলাদেশের সমুদ্র উপকূলে নিরাপদ নৌযান চলাচল এবং প্রয়োজনের নিরিখে উদ্ধারকার্য পরিচালনায় সহায়তা প্রদান এবং বন্দরে আগত জাহাজসমূহের পথ প্রদর্শনে সহায়তা করা আবশ্যিক; এবং

যেহেতু উপরোক্ত বিষয়গুলি বিবেচনা করিয়া বাংলাদেশের বাতিঘর রক্ষণাবেক্ষণ ও নিয়ন্ত্রণ সংক্রান্ত বিদ্যমান Lighthouse Act, 1927 (Act No. XVII of 1927) রহিতক্রমে সময়োপযোগী করিয়া নূতনভাবে প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত
শিরোনাম ও
প্রবর্তন

১। (১) এই আইন বাংলাদেশ বাতিঘর আইন,
২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

২। (১) বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

(১) 'অধিদপ্তর' অর্থ অধ্যাদেশের অধীন স্থাপিত নৌপরিবহণ অধিদপ্তর (Department of Shipping);

(২) 'অধ্যাদেশ' অর্থ Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ord. No. XXVI of 1983);

(৩) 'কাস্টমস-কমিশনার' অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969) এর অধীন নিয়োগপ্রাপ্ত কোনো Commissioner of Customs;

(৪) 'নৌবাণিজ্য দপ্তর' অর্থ অধ্যাদেশের ধারা ৫ এর অধীন প্রতিষ্ঠিত Mercantile Marine Office;

(৫) 'প্রধান পরিদর্শক' অর্থ অধিদপ্তরের মহাপরিচালক;

(৬) 'প্রধান কর্মকর্তা' অর্থ নৌবাণিজ্য দপ্তর, চট্টগ্রাম এর প্রধান কর্মকর্তা;

(৭) 'পরিদর্শক' অর্থ বাতিঘর পরিদর্শন কার্যে নিয়োজিত পরিদর্শক;

(৮) 'বন্দর বাতিঘর' অর্থ বিভিন্ন বন্দর কর্তৃপক্ষের বাতিঘর;

(৯) 'বাতিঘর' অর্থ কোনো একটি ভৌগোলিক অবস্থানে নির্মিত কোনো টাওয়ার, ভবন বা অন্য কোনো স্থাপনা যেখানে সমুদ্রপথে নাবিকদের সতর্ক সংকেত প্রদানের জন্য বিশেষ ধরনের বাতি লাগানো হয়; এবং পাইলটদের নৌযান চালনায় সহায়ক হয় এমন যন্ত্রপাতি, আলোকিত নৌযান, কুয়াশা নির্দেশক চিহ্ন, বয়া ও বিকন; এবং-

(ক) যাহা অনূ্যন ১০ মিটার উচ্চতা সম্পন্ন হইবে;

(খ) যাহা হইতে বিচ্ছুরিত আলো অনূ্যন ১৫ নৌ-মাইল (নটিক্যাল মাইল) পর্যন্ত দৃশ্যমান হইবে;

(১০) 'বাতিঘর অঞ্চল' অর্থ ধারা ৩ এর বিধান অনুযায়ী নির্ধারিত সীমানাভুক্ত বাতিঘর এলাকা;

(১১) 'বন্দর' অর্থ কোনো আইনের অধীন সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা স্থাপিত সমুদ্র বন্দর;

(১২) 'বন্দর কর্তৃপক্ষ' অর্থ বাংলাদেশের কোনো বন্দর কর্তৃপক্ষ, যাহার তত্ত্বাবধানে এবং ব্যবস্থাপনায় উক্ত বন্দর সংশ্লিষ্ট বাতিঘর পরিচালিত হইয়া থাকে;

(১৩) 'মহাপরিচালক' অর্থ অধিদপ্তরের মহাপরিচালক;

(১৪) 'মালিক' অর্থে কোনো জাহাজের অংশীদার, চাটারার অথবা বন্ধক গ্রহীতা যাহার দখলে কোনো জাহাজ থাকে এবং

যে কোনো এজেন্ট যাহার জিম্মায় কোনো জাহাজ ন্যাস্ত করা হয়, অন্তর্ভুক্ত হইবেন; এবং

(১৫) 'সাধারণ বাতিঘর' অর্থ সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত কোনো সাধারণ বাতিঘর।

(২) এই আইনে ব্যবহৃত যে সকল শব্দ অথবা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সে সকল শব্দ অথবা অভিব্যক্তি অধ্যাদেশে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সে অর্থে প্রযোজ্য হইবে।

বাতিঘর
অঞ্চলের
সীমানা
নির্ধারণ

৩। সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বাতিঘর অঞ্চলের সীমানা নির্ধারণ করিতে পারিবে।

কর্মচারি
নিয়োগ

৪। (১) সকল বাতিঘরের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারীসহ একজন প্রধান পরিদর্শক, প্রত্যেক বাতিঘর অঞ্চলের জন্য একজন করিয়া তত্ত্বাবধায়ক এবং সকল বাতিঘর পরিদর্শনের জন্য প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শক থাকিবে।

(২) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, অধিদপ্তর বা নৌবাণিজ্য দপ্তরের সাংগঠনিক কাঠামোর অধীন সামঞ্জস্যপূর্ণ পদে কর্মরত কর্মচারীগণের মধ্য হইতে তত্ত্বাবধায়ক এবং পরিদর্শক নিয়োগ করিতে পারিবে এবং অন্যান্য কর্মচারীও নিয়োগ করিতে পারিবে।

বিশেষজ্ঞ
কমিটি

৫। (১) সরকার, এই আইন বাস্তবায়নের সহিত সম্পৃক্ত অথবা স্বার্থ জড়িত রহিয়াছে এবং বাতিঘর সংক্রান্ত বিষয়ে বিশেষজ্ঞ এইরূপ ব্যক্তিগণের

বাংলাদেশ বাতিঘর আইন, ২০১৭
সম্বন্ধে, একটি বাতিঘর বিশেষজ্ঞ কমিটি গঠন করিবে।

(২) সরকার, বাতিঘর বিশেষজ্ঞ কমিটির সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে, যথা:-

(ক) নতুন কোনো বাতিঘর স্থাপন অথবা বিদ্যমান বাতিঘরে কোনো স্থাপনা তৈরি অথবা অপসারণ;

(খ) বাতিঘরের কোনো পরিবর্তন, সংযোজন, বিয়োজন অথবা পুনঃস্থাপন অথবা পুনর্বাসন;

(গ) বাতিঘরের বাতির বৈশিষ্ট্য, ব্যবহৃত পদ্ধতি অথবা পরিচালনার ব্যাপারে কোনো ব্যতিক্রম আনয়ন;

(ঘ) বাতিঘর সম্পর্কিত খরচের ব্যাপারে কোনো প্রস্তাবনা; এবং

(ঙ) বাতিঘরের জন্য নতুন বিধান প্রণয়ন অথবা পরিবর্তন অথবা পরিবর্ধন এই আইনের অধীন পরিচালিত বাতিঘর ব্যবহারের মাশুলের হার পরিবর্তন।

সাধারণ
বাতিঘর
ব্যবস্থাপনা
সংক্রান্ত
বিধান

৬। (১) নৌপরিবহণ অধিদপ্তর, সরকারের অনুমোদনক্রমে, সাধারণ বাতিঘরগুলোর তত্ত্বাবধান ও ব্যবস্থাপনা, নৌবাণিজ্য দপ্তরের উপর ন্যস্ত করিতে পারিবে।

(২) নৌবাণিজ্য দপ্তর যে কোনো সাধারণ বাতিঘর তত্ত্বাবধান এবং ব্যবস্থাপনার জন্য নিকটস্থ বন্দর কর্তৃপক্ষ, নৌ বাহিনী অথবা কোস্ট গার্ডের সাহায্য গ্রহণ করিতে পারিবে।